গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়
ক্যান্টনমেন্ট বোর্ড
রাজশাহী সেনানিবাস, রাজশাহী-৬২০২।
www.cbraj.gov.bd

নং-২৩.২২.৭১০.০৩৩.৯৯.০২৩.০৭-৪৬

তারিখঃ ১২ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ জুলাই, ২০২৬ খ্রিস্টাব্দ

## শোক বার্তা

রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল এন্ড কলেজ এর লাইব্রেরী সহকারী জনাব সাবিনা ইয়াসমিন গত ২৬-০৭-২০২৬ খ্রি. তারিখ রোজ রবিবার আনুমানিক রাত্রি ১০.০০ ঘটিকায় চিকিৎসারত অবস্থায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৪ বছর ১০ মাস ১৭ দিন। তিনি স্বামীসহ অনেক আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

মরহুমা সাবিনা ইয়াসমিন ০৯-০৯-১৯৭২ খ্রি. রাজশাহী জেলার চারঘাট উপজেলার টংগন গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি ২০-০৭-১৯৯১ খ্রি. তৎকালীন রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয় (বর্তমানে রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল এন্ড কলেজ), রাজশাহী সেনানিবাসে আয়া পদে যোগদান করেন, পরবর্তীতে লাইব্রেরী সহকারী পদে পদোন্নতি প্রাপ্ত হন। চাকুরি জীবনে তিনি সৎ, কর্তব্য পরায়ণ, নিষ্ঠাবান ও দায়িত্বশীল কর্মচারী হিসেবে তাঁর উপর অর্পিত দায়িত্ব পালন করেছেন। তাঁর মৃত্যুতে ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল এন্ড কলেজের সকল কর্মকর্তা/শিক্ষক/কর্মচারী গভীরভাবে শোকাহত।

আমরা মরহুমার আত্মার মাগফিরাত কামনা করি এবং তাঁর শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের সমবেদনা জানাই।

২৭/৭/২৬

(মোঃ আব্দুল করিম)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
রাজশাহী সেনানিবাস।
ফোন ঃ০২৫৮৮৮৬২৫১৪
ceo_rajshahi@dmlc.gov.bd

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।
২। স্টেশন সদর দপ্তর, রাজশাহী সেনানিবাস।
৩। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার (সকল)........................................ সেনানিবাস।

CamScanner